অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/26/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

থ্যাঙ্কসগিভিং ছুটিতে গভর্নর কুওমো ব্যাহত এবং অমনোযোগীভাবে গাড়ি চালানোর বিরুদ্ধে পদক্ষেপ নেবার কথা ঘোষণা করেছেন

আইন বলবতকারীরা দ্রুতগতিতে গাড়ি চালানো এবং পথ ছেড়ে দেওয়ার আইন (MOVE OVER LAW) লঙ্ঘনকে তাদের লক্ষ্য করবেন

গত বছরের এনফোর্সমেন্ট চলাকালীন 15,100টিরও বেশি টিকিট ইস্যু করা হয় ও 215 জনকে মদ্যপ অবস্থায় গাড়ি চালানোর জন্য রাজ্য জুড়ে গ্রেফতার করা হয়

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে, নিউইয়র্ক স্টেট পুলিশ এবং স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থাগুলো আসন্ন থ্যাঙ্কসগিভিং ছুটির সময় অনিরাপদ ড্রাইভিং আচরণের বিরুদ্ধে পদক্ষেপ নিতে একটিবিশেষ ট্রাফিক বলবতকরণ উদ্যোগে অংশগ্রহণ করবে। 27 নভেম্বর বুধবার থেকে 1 ডিসেম্বর 2019-এর মধ্যে বিশেষ ট্রাফিক বলবতকরণ পিরিয়ড চলবে।

"থ্যাঙ্কসগিভিং বছরের একটি ব্যস্ততম ভ্রমণের সময় এবং আমাদের ফোকাস নিশ্চিত করতে সাহায্য করা যে সবাই যেখানে যেতে চান, যেন সেখানে নিরাপদে পৌঁছতে পারেন তাদের পরিবার এবং প্রিয়জনদের সঙ্গে মানসম্পন্ন সময় ব্যয় করার জন্য," **গভর্নর কুওমো বলেন**। "স্টেট ট্রুপার এবং স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থা আগামী দিনে অত্যন্ত দৃশ্যমান থাকবেন, যারা মদ্যপ এবং বেপরোয়া গাড়ীর চালকদের বিরুদ্ধে পদক্ষেপ নেবেন - এবং আমি গাড়ীর চালকদের অনুরোধ করছি আইন মেনে চলতে এবং রাস্তায় বের হওয়ার সময় নিরাপত্তাকে আপনার সর্বোচ্চ অগ্রাধিকার দিতে।"

রাজ্য পুলিশ রাজ্য জুড়ে নিয়মিত টহলদারী বাড়াবে, যার মধ্যে রয়েছে স্থির মদ্যপ অবস্থা পরীক্ষার চেকপয়েন্ট, অল্পবয়স্কদের মদ্যপানের বিরুদ্ধে বলবতকরণ এবং "অপারেশন হ্যাং আপ" উদ্যোগ, যা গোপন পরিচয় ব্যবহার করে এমন যান (Concealed Identity Traffic Enforcement patrol vehicles) ব্যবহার করে অমনোযোগী গাড়ীর চালকদের তাদের লক্ষ্য করে যাতে যে সব চালকরা গাড়ি চালাবার সময় কথা বলেন বা টেক্সট করেন তাদের অবস্থান আরো ভালোভাবে নির্দিষ্ট করার জন্য। এই যানগুলি স্বাভাবিক ট্র্যাফিকের সাথে মিশে যায়, কিন্তু জরুরি আলো সক্রিয় করে দিলে এগুলিকে জরুরি যান হিসেবে সহজেই চেনা যায়।

খুব উচ্চ ট্রাফিক ভলিউম সাধারণত থ্যাঙ্কসগিভিং ছুটির সপ্তাহান্তে ঘটে। এটা এমন একটা সময় যখন অ্যালকোহল সেবন ব্যাপকভাবে হয়। 2018 সালের থ্যাঙ্কসগিভিং ছুটির সময়, ট্রুপাররা 215 জনকে গ্রেফতার করেন DWI এর জন্য, 5,834টি দ্রুতগতিতে গাড়ি চালাবার জন্য টিকিট জারি

করেন, 774টি টিকিট জারি করেন অমনোযোগীভাবে গাড়ি চালাবার জন্য, এবং 218টি টিকিট জারি করেন পথ ছেড়ে দেবার আইন লঙ্ঘনের জন্য।

নিউ ইয়র্ক স্টেট পুলিশ-এর সুপারিন্টেনডেন্ট কিথ এম. কোরলেট বলেন, "এই থ্যাঙ্কসগিভিং ছুটির সপ্তাহান্তে আমি সব নিউ ইয়র্কবাসীকে উৎসাহিত করছি নিরাপত্তাকে তাদের শীর্ষ অগ্রাধিকার বলে গণ্য করতে। যদি আপনার আনন্দ-উৎসবে অ্যালকোহল অন্তর্ভুক্ত হয়, তাহলে আপনাকে নিরাপদে বাড়ি ফেরা নিশ্চিত করার জন্য আগে থেকে পরিকল্পনা করতে হবে। মদ্যপ অবস্থায় গাড়ীর চালকের আসনে বসার কোন অজুহাত হতে পারে না, এবং স্টেট ট্রুপাররা এর প্রতি শূণ্য সহনশীলতা প্রদর্শন করবেন। সঠিক পছন্দ করুন এবং অর্থহীন দুখঃজনক ঘটনা এড়িয়ে চলুন যা মদ্যপ অবস্থায় গাড়ি চালানোর ফলে হয়।"

গভর্নরের ট্রাফিক সেফটি কমিটির (Governor's Traffic Safety Committee, GTSC) সভাপতি ও ডিপার্টমেন্ট অফ মোটর ভেহিকলস (Department of Motor Vehicles) কমিশনার মার্ক জে. এফ. শ্রোডার বলেন, "গভর্নরের ট্রাফিক সেফটি কমিটি এই জীবন বাঁচানোর উদ্যোগে আইনশৃঙ্খলা রক্ষা করাকে সহায়তা প্রদান করতে পেরে গর্বিত। আমরা চাই সবাই একটি নিরাপদ এবং সুখী থ্যাঙ্কসগিভিং ছুটি কাটাক এবং তাদের আনন্দ-উৎসব কোন এড়ানো যায় এমন দুখঃজনক ঘটনায় শেষ না হয়। আমরা মোটর চালকদের কখনো মদ্যপান করে গাড়ি চালাতে বারন করি এবং সব সময় কনরকম বিভ্রান্তি এড়ানোর জন্য অনুরোধ করি। দায়িত্বশীলতার সাথে গাড়ি চালানো বেছে নিয়ে আপনি নিজেকে একটি সম্ভাব্য টিকিট বা গ্রেফতারি থেকে বাঁচাবেন এবং আরো গুরুত্বপূর্ণভাবে, আপনি আমাদের সড়কপথে অনাবশ্যক মৃত্যু এবং আঘাত কমাতে সাহায্য করবেন। যে জীবন আপনি বাঁচাবেন, তা আপনার নিজের হতে পারে।"

থ্যাঙ্কসগিভিং মাতাল হয়ে গাড়ি চালানোয় আইন প্রয়োগের উদ্যোগটি গভর্নরের ট্রাফিক নিরাপত্তা কমিটি কর্তৃক অর্থায়নকৃত। গভর্নরের ট্রাফিক নিরাপত্তা কমিটি (GTSC) এবং নিউ ইয়র্ক স্টেটের STOP-DWI ফাউন্ডেশন (New York State STOP-DWI Foundation) মোটর চালকদের মনে করিয়ে দেয় যে তাদের "হ্যাভ এ প্ল্যান (Have a Plan) মোবাইল অ্যাপটি", অ্যাপল, অ্যানড্রয়েড এবং উইন্ডোজ স্মার্টফোনের জন্য পাওয়া যায়। অ্যাপটি নিউ ইয়র্কবাসীদের একটি ট্যাক্সি বা রাইডশেয়ার পরিষেবা ডাকতে এবং একটি মনোনীত চালকের তালিকা সক্রিয় করার সুযোগ দেয়। এছাড়াও এটি DWI আইন এবং জরিমানা সম্পর্কে তথ্য প্রদান করে এবং একটি সন্দেহভাজন দুর্ঘটনাপ্রবণ চালক সম্পর্কে রিপোর্ট করার একটি উপায় প্রদান করে।

আপনি যদি মদ্যপ বা নেশাগ্রস্ত অবস্থায় গাড়ি চালান, আপনি শুধু আপনার ও অন্যদের জীবনকে ঝুঁকিতে ফেলছেন তা না, আপনি গ্রেফতার, কারাভোগ এবং যথেষ্ট পরিমাণ জরিমানা ও উকিলের খরচের সম্মুখীন হতেও পারেন। মদ্যপানরত অবস্থায় গাড়ি চালানোর ফলে গ্রেফতারে গড়ে 10,000 মার্কিন ডলার মতো খরচ হয়। মদ্যপ ও নেশাগ্রস্ত অবস্থায় গ্রেফতারকৃত চালকগণ তাদের ড্রাইভিং লাইসেন্স হারানো, উচ্চ বীমা হার এবং উকিলের খরচ, জরিমানা ও আদালতি খরচ, গাড়ি টানা ও মেরামত এবং কর্মঘন্টা হারানো সহ ডজনখানেক অপ্রত্যাশিত ব্যয়ের সম্মুখীন হয়।

মাতাল হয়ে গাড়ি চালানো রোধে নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police), GTSC ও ন্যাশানাল হাইওয়ে ট্র্যাফিক সেফটি অ্যাডমিনিস্ট্রেশন (National Highway Traffic Safety Administration, NHTSA) নিম্নের সহজ পরামর্শগুলো মেনে চলার সুপারিশ করে:

- আনন্দ শুরু করার আগে বাড়ি ফেরার নিরাপদ উপায়ের পরিকল্পনা করুন;
- পান শুরু করার আগে, পান করবে না এমন একজন গাড়িচালক নির্ধারণ করুন;
- আপনি যদি মাতাল হন, তাহলে ট্যাক্সি বা রাইডশেয়ারিং পরিষেবা ব্যবহার করুন, আপনার মাতাল নয় এমন বন্ধু বা পরিবারের সদস্যকে ফোন করুন, বা গণপরিবহন ব্যবহার করুন;
- আপনার কমিউনিটির মাতাল-নয়-এমন রাইড প্রোগ্রাম ব্যবহার করুন;
- আপনি যদি রাস্তায় কোনো মাতাল বা দুর্ঘটনাপ্রবণ গাড়িচালক দেখেন, তাহলে দ্বিধাহীনভাবে স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থার সাথে যোগাযোগ করুন;
- আপনি যদি এমন কাউকে চেনেন যিনি মাতাল অবস্থায় গাড়ি চালাতে যাচ্ছেন, তাহলে তাদের চাবি নিয়ে নিন এবং অন্য কোনো ব্যবস্থায় যাতে তারা নিরাপদে গন্তব্যে পৌঁছাতে পারে তার জন্য তাদের সাহায্য করুন।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন